

নির্বাচিত গানের সংকলন
মোঃ সফিউল আলম শাহীন
সাহিত্য (সংগীত) কর্ম

কপিরাইট রেজিস্ট্রেশন নং : ১৫৫১৮, তারিখ : ০৯ জানুয়ারি ২০১৮

সম্প্রতি মুক্তিযুদ্ধ, স্বাধীনতা ও দেশাত্মবোধে উজ্জীবিত ৪০টি নির্বাচিত গানের একটি সংকলনের কপিরাইট রেজিস্ট্রেশন সম্পন্ন হয়। উল্লেখ্য যে, উক্ত সংকলনটির রচয়িতা বিসিএস প্রশাসন ক্যাডারের ২১তম ব্যাচের কর্মকর্তা, জনাব মোঃ সফিউল আলম শাহীন। তিনি বর্তমানে হবিগঞ্জ জেলার ডিডিএলজি পদে কর্মরত।

গত ১১-১৩ জানুয়ারি দেশব্যাপী উন্নয়ন মেলা ২০১৮ উপলক্ষ্যে হবিগঞ্জ জেলার জন্য থিম সং হিসেবে এ সংকলনের “মোরা দুরন্ত মোরা দুর্বার, মোরা অদম্য বারবার, মোরা অপরাজেয় বাংলার, একাত্তরের চেতনায় মোরা সোচ্চার, রূপকল্প একুশ আমার, শেখ হাসিনা রূপকার” শীর্ষক গানটি প্রধানমন্ত্রীর কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক নির্বাচন করা হয়। এতে মাননীয় প্রধানমন্ত্রীর দশটি উন্নয়ন উদ্যোগকে অত্যন্ত চমৎকার ও প্রাঞ্জলভাবে উপস্থাপন করা হয়েছে।